

# শিশুদের পাশে

## হেপাটাইটিস ফাউন্ডেশন

স্বন্দন প্রতিনিধি, উদয়পুর, ৩ এপ্রিল ।। হেপাটাইটিস ফাউন্ডেশন অফ ত্রিপুরা এর উদয়পুর শাখার উদ্যোগে আলোর দিশারী শিশু নিকেতনে শিশুদের মধ্যে মাস্ক, স্যানিটাইজার, ফল-মিষ্টি ও চকলেট বিতরণ করা হয় । শুক্রবার বিকেলে উদয়পুর আলোর দিশারী শিশু নিকেতনের শিশুগৃহে উপস্থিত হন সংগঠনের সদস্যরা । এছাড়া এদিন উপস্থিত ছিলেন গোমতী জেলার জিলা সভাপতি স্বপন অধিকারী, সহকারী সভাপতি দেবল দেবরায়, সংগঠনের জেলা সভাপতি ডা. অভিজিৎ দত্ত, সংগঠনের উদয়পুর বিভাগীয় সম্পাদক পার্থপ্রতিম সাহা, স্বপন সাহা, টিংকু দেবনাথ, মানস রায় সহ অন্যান্যরা । উপস্থিত সকলে আলোচনা করতে গিয়ে বলেন, এখানে থাকা শিশুরা যাতে কোনো অবস্থাতেই না ভাবে যেন তারা একা । প্রত্যেকেই পাশে থাকার অঙ্গীকার করেন । অনুষ্ঠানে শিশুরা নাচ গান পরিবেশন করে । জেলা সভাপতি আগামী দিনে শিশু গৃহের কী কী অসুবিধা রয়েছে তা পূরণ করার প্রতিশ্রুতি দেন । শিশু বিশেষজ্ঞ ডা. অভিজিৎ দত্ত শিশুদের চিকিৎসা পরিষেবা প্রদান করেন ।